কাথুলী ইউনিয়ন পরিষদের উদ্যোগে মহান বিজয় দিবস পালন

গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদের উদ্যোগে মহান বিজয় দিবস উদযাপনও শহীদ মিনারে পুষ্পঅর্পন করা হয়েছে। আজ শনিবার সকাল ৮ টার সময় কাথুলী ইউনিয়ন পরিষদে জাতীয় পতাকা উত্তোলন শেষে ইউনিয়ন পরিষদের সকল ইউপি মেম্বারদের কে সাথে নিয়ে কুতুবপুর স্কুল এন্ড কলেজের শহীদ মিনারে পুষ্পঅর্পন করেন।

পুষ্পঅর্পন শেষে কাথুলী ইউনিয়ন পরিষদের হলরুমে গন্যমান্য ব্যাক্তিবর্গ আওয়মীলীগের কর্মিবৃন্দদের নিয়ে বিজয় দিবস সম্পর্কে আলোচনা করেন।

আলোচনায় কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা জানান, ১৯৭১ সালে ১৬ ই ডিসেম্বর বঙ্গবন্ধুর সুদক্ষ নেতৃত্বে আমাদের এই স্বাধীন হয়েছে এবং এই স্বাধীনতা আমাদের বাঙালী জাতির রক্তের ও মা বোনদের ইজ্জত সমভ্রমের বিনিময়ে পেয়েছি।কাজেই আজকে যাদের জন্য আমরা স্বাধীন ভাবে কথা বলার সুযোগ পেয়েছি তাদের জন্য আমরা সকলে দোয়া করবো। এবং আগামী দিনের বাংলাদেশ বিনির্মানে, বঙ্গবন্ধু তনয়া শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ গড়তে আমরা এ প্রজন্মের যোদ্ধা হিসেবে কাজ করবো।

আলোচনা শেষে মুক্তিযুদ্ধে সকল শহীদদের আত্মার মাগফিরাত কামনায় দোয়া করেন।

কাথুলী ইউনিয়ন পরিষদের উদ্যোগে জাতীয় শোক দিবস পালন

গাংনী উপজেলা কাথুলী ইউনিয়ন পরিষদের উদ্যোগে জাতীয় শোক দিবস পালন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার ১৫ ই আগস্ট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম

শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে কাথুলী ইউনিয়ন পরিষদে দোয়ার মাহফিল ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক ত্রান ও সমাজ কল্যান সম্পাদক ও ১ নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান রানার সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন অনুষ্ঠানের সভাপতি মিজানুর রহমান রানা।

বক্তব্য রাখেন গাংনী উপজেলা ছাত্রলীগের সহ সভাপতি ফিরোজ আহম্মেদ পলাশ, বক্তব্য রাখেন ধলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ার হোসেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী অধ্যাপক হাফিজুল ইসলাম, সহকারী শিক্ষক জয়নাল আবেদীন, ইউ পি সদস্য কাবের আলী,ইউ পি সদস্য আজমাইন হোসেন,আনারুল ইসলাম, বাবুল হোসেন,সহ উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সবেক সাংগঠনিক সম্পাদক শাহিন আলম,গাড়াবাড়ীয়া ২ নং ওয়ার্ড ছাত্রলীগের সভাপতি হাসিবুল ইসলাম,সহ আওয়ামী লীগের ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ও সেক্রেটারি বৃন্দ সহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীর কাথুলী ইউনিয়নে শিক্ষার্থী দের মাঝে বাইসাইকেল ও ইউনিয়ন ডিজিটাল সেন্টারে ল্যাপটপ বিতরণ

গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদে মেধাবী শিক্ষার্থীদের মাঝে বাইসাইকেল ও ইউনিয়ন ডিজিটাল সেন্টারে ল্যাপটপ ও হ্যান্ড মাইক বিতরণ করা হয়েছে।

আজ বুধবার দুপুর ১.৩০ মিনিটের সময় কাথুলী ইউনিয়ন পরিষদের মিলনায়তন কক্ষে ২০২১-২২ অর্থ বছরে ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিল এর

আওতায় মেধাবী শিক্ষার্থী দের মাঝে বাইসাইকেল কুতৃবপুর স্কুল এন্ড কলেজ-এ আইপিএস ও ল্যাপটপ,ও ইউনিয়ন ডিজিটাল সেন্টারে ল্যাপটপ, প্রিন্টার ও হ্যান্ড মাইক বিতরণ কার্যক্রম অনুস্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ১ নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা।প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ সরোয়ার হোসেন (ডি এফ এল জি এস পি-৩) মেহেরপুর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক ও কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান।

কুতুবপুর স্কুল এন্ড কলেজের অধ্যাক্ষ (ভারপ্রাপ্ত) হাফিজুল ইসলাম। উপস্থিত ছিলেন ইউপি সদস্য আশরাফুল ইসলাম, ইউ পি সদস্য বাবলু হোসেন,হুসাইন মাহমুদ,ইউপি সদস্য আজমাইন হোসেন,মহিলা ইউপি সদস্য ঝর্না বেগম,আরিফা খাতুন,ফরিদা খাতুন সহ স্থানীয় গন্যমান্য ব্যাক্তি বর্গ উপস্থিত ছিলেন।

গাংনীর কাথুলী ইউপিতে উন্মুক্ত বাজেট সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলার ১ নং কাথুলী ইউনিয়ন পরিষদের উন্মুক্ত বাজেট সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিকেল ৪ টায় ইউনিয়ন পরিষদ হলরুমে ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানার সভাপতিত্বে ২০২২-২০২৩ অর্থ বছরের ১ কোটি ৮৯ লক্ষ ৮ হাজার টাকার খসড়া বাজেট ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনা জন সম্মুখে ঘোষণা করেন কাথুলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত সচিব আব্দুল মতিন।

উন্মুক্ত বাজেট সভায় এলাকার সর্বস্তরের জনসাধারণ ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেটের আলোকে সংযোজন ও বিয়োজন বিষয়ে আলোচনায় অংশগ্রহন করেন। ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা। জনগণের বিভিন্ন দাবির মধ্যে গুরুত্বপূর্ণ ও জরুরী দাবিগুলোকে প্রাধান্য দিয়ে আগামী দিনের সকল উন্নয়ন কাজে সকলের সহযোগিতা কামনা করেছেন এবং সকলে মিলে একটি মডেল ইউনিয়ন গড়ার প্রত্যয় হয়েছেন।

উপস্থিত ছিলেন কাথুলী ইউনিয়ন পরিষদের সকল ইউ পি সদস্য ও সদস্যা বৃন্দ। কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক ও কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান, মোফাজ্জল হক,জিনারুল ইসলাম, জেলা ছাত্রলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক শাহিন আলম,ও এলাকার সর্ব স্তরের জনগন।